

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
www.dls.rupganj.narayanganj.gov.bd


স্মারক নং- ৩৩.০১.৬৭৬৮.০০০.১৮.০০১.২৪/৫৪৬ (১)

তারিখঃ- ২৬/১০/২৪

বিষয়ঃ- রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া খোলা বাজারে এন্টিবায়োটিক, স্টেরয়েড বিক্রয় ও প্রয়োগ বন্ধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্টে বিভাগের দায়েরকৃত বিধান (নম্বর-৪৬০৮/২০১৯: তারিখ-২৫/০৪/২০১৯) ও মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর আদেশ মোতাবেক রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া খোলা বাজারে এন্টিবায়োটিক, স্টেরয়েড বিক্রয় ও প্রয়োগ বন্ধ ঘোষণা করা হয়েছে এবং তা দতনীয় অপরাধ। মহামান্য হাইকোর্টের আদেশের প্রতি শ্রদ্ধাশীল থেকে খোলা বাজারে এন্টিবায়োটিক, স্টেরয়েড বিক্রয় ও প্রয়োগ বন্ধের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

০২। উক্ত আদেশ ও আইনের ব্যত্যয় ঘটলে উপজেলা প্রশাসন এবং উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এর পক্ষ থেকে বিভাগীয় বিধি-মোতাবেক শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত নির্দেশনা মেনে চলার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইলো।


(ডাঃ সজল কুমার দাস)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

প্রাপক,

স্মারক নং- ৩৩.০১.৬৭৬৮.০০০.১৮.০০১.২৪-৫৪৬ (১)

তারিখঃ- ২৬/১০/২৪

সদয় জ্ঞাতার্থে ও অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ০৩। অফিসার-ইন-চার্জ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ০৪। অফিস কপি।

(ডাঃ সজল কুমার দাস)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ